*গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার*
*আইন কমিশন*

*বিষয় :*

# <u>***আইন শব্দকোষ*** গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশনা সংক্রান্ত আইন কমিশনের প্রতিবেদন</u>

## <u>রিপোর্ট নম্বর : ১৬০</u>

৩১ ডিসেম্বর, ২০২০

আইন কমিশন
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন
১৫ কলেজ রোড, ঢাকা -১০০০
ফ্যাক্স : ০২-৯৫৮৮৭১৪
ই-মেইল :info@lc.gov.bd
ওয়েব :www.lc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন কমিশন
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন
১৫ কলেজ রোড,ঢাকা -১০০০
ফ্যাক্স : ০২৯৫৬০৮৪৩
ই-মেইল :info@lc.gov.bd
ওয়েব :www.lc.gov.bd

## *আইন শব্দকোষ* গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশনা সংক্রান্ত আইন কমিশনের প্রতিবেদন

বাংলা ভাষায় আইনী পরিভাষার মৌলিক গ্রন্থ *আইন-শব্দকোষ* ২০০৬ সালে প্রকাশিত হয়। বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান ও অধ্যাপক আনিসুজ্জামান উক্ত সংকলন ও সম্পাদনা করেন। গ্রন্থটি প্রকাশিত হয় কানাডীয় আন্তর্জাতিক উন্নয়ন-সংস্থার (CIDA) আইনি সংস্কার প্রকল্পের প্রথম ভাগরূপে (Legal Reform Project; Part A)। বাংলাদেশের আইন অঙ্গনে গ্রন্থটি ব্যাপকভাবে সমাদৃত হয়েছিল। যার ফলশ্রুতিতে প্রথম সংস্করণের সব কপি দ্রুত নিঃশেষ হয়ে যায়। কিন্তু পুনর্মুদ্রণের কোনো উদ্যোগ গ্রহণ করা সম্ভব হয় নাই। পরবর্তীকালে আইন কমিশন গ্রন্থটি পুনর্মুদ্রণের পদক্ষেপ গ্রহণ করে এবং এর স্বত্বাধিকারী Her Majesty the Queen in Right of Canada as represented by the Department of foreign Affairs, Trade and Development (DFATD) কাছ থেকে পরবর্তী যাবতীয় প্রকাশনার বিষয়ে Worldwide, Perpetual, irrevocable, non-commercial, free of charge and royalty free license লাভ করে।

এই ধারাবাহিকতায় আইন কমিশন গ্রন্থটির একটি পরিবর্ধিত সংস্করণ প্রকাশের উদ্‌যোগ গ্রহণ করে। দ্বিতীয় সংস্করণের সম্পাদক মন্ডলীতে ছিলেন বিচারপতি এ.বি.এম. খায়রুল হক ,চেয়ারম্যান, আইন কমিশন ও বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি; জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান ; বিচারপতি এ.টি.এম. ফজলে কবীর, সদস্য, আইন কমিশন ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাবেক বিচারপতি এবং ড. এম. শাহ আলম, সাবেক সদস্য, আইন কমিশন ও সাবেক ডিন, আইন অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। গ্রন্থটির পূর্ববর্তী সংস্করণে ভুক্তি ছিল প্রায় ৬০০০, বর্তমান সংস্করণে আরো প্রায় ৪৫০০ ভুক্তিসহ মোট ১০০০০ এর বেশি ভুক্তি সন্নিবেশ করা হয়েছে। বর্তমান সংস্করণের কোনো কোনো স্থানে পূর্ববর্তী সংস্করণের কিছু ভুক্তি পরিমার্জনাও করা হয়েছে। নূতন ভুক্তিগুলো চয়ন করা হয়েছে বিশ্বব্যাপী স্বীকৃত বিভিন্ন আইন-অভিধান এবং বর্তমানে বাংলাদেশে প্রচলিত আইনসমূহ থেকে। এতে সম্ভাব্যক্ষেত্রে বাংলাদেশের উচ্চ আদালতের নজির উল্লেখ করা হয়েছে। আশা করা যায়, দ্বিতীয় সংস্করণও সবার কাছে অধিকতর ব্যবহার্য ও সমাদৃত হবে।

বর্তমান সংস্করণের প্রকাশ সম্ভব করার জন্য কানাডার Department of Foreign Affairs, Trade and Development এর নিকট এবং ঢাকায় অবস্থিত কানাডীয় হাইকমিশনের নিকট আইন কমিশন আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।

বর্তমান সংস্করণটি প্রস্তুতকরণ এবং প্রকাশনা সংক্রান্ত যাবতীয় ব্যয় বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি, মহোদয়ের আন্তরিক ও সক্রিয় সহায়তা ব্যতিত এই গ্রন্থ প্রকাশ সম্ভব হতো না। তাঁর প্রতি আইন কমিশন আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে।

*আইন-শব্দকোষ* এর প্রথম সংস্করণ প্রকাশে প্রায় চার বছর সময় লেগেছিল। বর্তমান সংস্করণ প্রস্তুত করতেও তিন বছরের বেশি সময় লেগেছে।

শব্দকোষটি দ্বিতীয় সংস্করণে নূতন ভুক্তি সংকলন-অনুবাদ-গবেষণাকর্মে যুক্ত ছিলেন বাংলা একাডেমির অবসরপ্রাপ্ত পরিচালক মরহুম হাবিবুল আলম, বাংলা একাডেমির সাবেক পরিচালক জনাব সুব্রত বড়ুয়া, অবসরপ্রাপ্ত সিনিয়র জেলা জজ জনাব মো. আশরাফ হোসেন, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব আব্দুল কাদের মিয়া, ড. মোহম্মদ আলী খান, জনাব মোহম্মদ ইকবাল, জনাব ফায়েকুজ্জামান চৌধুরী, লেখক ও গবেষক ড. মোহম্মদ হাননান এবং জনাব কে.এম. রাশেদুজ্জামান রাজা ( সিনিয়র জেলা জজ)। গবেষণাকর্মে পর্যায়ক্রমে সাহায্য করেছেন আইন কমিশনে কর্মরত সচিব জনাব মীর রুহুল আমিন (সিনিয়র  জেলা জজ), সিনিয়র গবেষণা কর্মকর্তা এ.এম.জুলফিকার হায়াত (অতিরিক্ত জেলা জজ), হাবিবুর রহমান (অতিরিক্ত জেলা জজ),  তেহ্সিন ইফতেখার (যুগ্ম জেলা জজ), ফারজানা হোসেন (যুগ্ম জেলা জজ), ফাতেমা জাহান স্বর্না (যুগ্ম জেলা জজ), মোসাঃ ইয়াসমিন আরা (যুগ্ম জেলা জজ), মোঃ রফিকুল ইসলাম (যুগ্ম জেলা জজ), খাদিজা নাসরিন (সিনিয়র সহকারী জজ), হাসান মোঃ আরিফুর রহমান (সিনিয়র সহকারী জজ) , মো. ইকবাল মাসুদ (সিনিয়র সহকারী জজ), মেহনাজ সিদ্দিকী (সিনিয়র সহকারী জজ), মো. শরিফুল ইসলাম (সিনিয়র সহকারী জজ), এ.কে.এম. রকিবুল হাসান (সিনিয়র সহকারী জজ), হোসেন মোহাম্মদ রেজা (সিনিয়র সহকারী জজ)।

কম্পিউটারে নির্ঘণ্ট বিন্যাসকর্মে আইটি বিশেষজ্ঞ জনাব মো. আনোয়ার হোসেন সর্বাত্মক সহযোগিতা প্রদান করেছেন। কমিশনের সাবেক সচিব মো. আলী আকবর  (সিনিয়র জেলা জজ) এবং সাবেক সিনিয়র সহকারী সচিব মো. শামছুদ্দীন মাছুম (যুগ্ম জেলা জজ) সর্বপ্রকার দাপ্তরিক সহযোগিতা প্রদান করেছেন।

এই কর্মযজ্ঞের কেন্দ্রবিন্দুতে ছিলেন আইন কমিশনের মুখ্য গবেষণা কর্মকর্তা ফউজুল আজিম (সিনিয়র জেলা জজ),সমগ্র প্রকল্পটি তাঁর পরিচালনায় সুচারুভাবে পরিচালিত হয়েছে। এঁদের সবাইকেই কমিশনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা যাচ্ছে।
দ্বিতীয় সংস্করণের অক্ষরবিন্যাস এবং কম্পিউটার-কম্পোজের কাজে কমিশনের কম্পিউটার অপারেটর আশরাফি সুলতানা ও গাজী আবু সুফিয়ান, সাঁটলিপিকার মো. হাবিবুর রহমান, মো. আব্দুল হাই, মো. বশির আহম্মেদ সরকার, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এ.এস.এম. সামসুদ্দিন ও মো. মাসুদুর রহমান। এদের সবাই আমাদের আন্তরিক ধন্যবাদ ভাজন।

*আইন শব্দকোষ* এর বর্তমান সংস্করণটি মুদ্রণ ও প্রকাশনায় ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ-এর মহাপরিচালক মরহুম সামীম মো. আফজালের আন্তরিক সহযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই পর্যায়ে পাঁচ (০৫) হাজার কপি পাঠকের হাতে তুলে দিতে ফাউন্ডেশনের প্রেস বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ অক্লান্ত পরিশ্রম করেছেন। তাঁদের সবার প্রতি আইন কমিশন আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে।

**স্বাক্ষরিত / –** ৩১.১২.২০২০
বিচারপতি এ.টি.এম. ফজলে কবীর
সদস্য
আইন কমিশন

**স্বাক্ষরিত / –** ৩১.১২.২০২০
বিচারপতি এ.বি.এম. খায়রুল হক
চেয়ারম্যান
আইন কমিশন